# আয়নাঘর পরিদর্শনে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারপতিরা



ছবি: সংগৃহীত

গুম ও নির্যাতনের অভিযোগে চলমান মামলার তদন্তের অংশ হিসেবে উত্তরায় র‍্যাব-১ সদর দপ্তরের টাস্কফোর্স ফর ইন্টারোগেশন (টিএফআই) সেল পরিদর্শন করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এর তিন বিচারপতি। শনিবার (১ আগস্ট) তারা সরেজমিনে কথিত 'আয়নাঘর' ঘুরে দেখেন।

পরিদর্শন শেষে প্রসিকিউশনের পক্ষ থেকে জানানো হয়, ঘটনাস্থলের গুরুত্বপূর্ণ আলামতের একটি অংশ ইতোমধ্যে নষ্ট হয়েছে এবং অবশিষ্ট আলামত সংরক্ষণের স্বার্থেই এই বিচারিক পরিদর্শনের উদ্যোগ নেওয়া হয়েছে।

পরিদর্শনে ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের সঙ্গে সদস্য বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও মো. মোহিতুল হক এনাম চৌধুরী উপস্থিত ছিলেন। এছাড়া চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম, প্রসিকিউশন টিমের সদস্য এবং আসামিপক্ষের আইনজীবীরাও উপস্থিত ছিলেন।

প্রসিকিউশন জানিয়েছে, শিগগিরই ঢাকা সেনানিবাসে ডিজিএফআই-সংশ্লিষ্ট কথিত আরেকটি গোপন আটককেন্দ্রও পরিদর্শন করবেন ট্রাইব্যুনালের বিচারপতিরা।

বর্তমানে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে গুমসংক্রান্ত দুটি মামলার বিচার চলছে। একটি মামলায় র‍্যাবের কথিত গোপন বন্দিশালায় গুম ও নির্যাতনের অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১৭ জন এবং অন্য মামলায় ডিজিএফআই-সংশ্লিষ্ট কথিত আটককেন্দ্রের ঘটনায় শেখ হাসিনাসহ ১৩ জনের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ অব্যাহত রয়েছে।